



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং-১০৬/২০২১

তারিখঃ ২৯ভাদ্র ১৪২৮  
১৪সেপ্টেম্বর ২০২১

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভূক্ত ৩টি প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার(প্রকৌশল-ইলেকট্রিক্যাল)'/ 'সিনিয়র অফিসার (সহকারী প্রকৌশলী ইলেকট্রিক্যাল)'/সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test গ্রহণের সময়সূচি ও পরীক্ষা কেন্দ্রের তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় কর্তৃক প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৩৮/২০২১, তারিখ : ২৮/০২/২০২১ মোতাবেক ৩টি প্রতিষ্ঠানে (জনতা ব্যাংক লি:, রূপালী ব্যাংক লি: ও প্রবাসী কল্যাণ ব্যাংক) 'সিনিয়র অফিসার(প্রকৌশল-ইলেকট্রিক্যাল)'/ 'সিনিয়র অফিসার (সহকারী প্রকৌশলী ইলেকট্রিক্যাল)'/সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) এর ২০১৯ সাল ভিত্তিক ৫টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ১ ঘণ্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ২৫/০৯/২০২১ তারিখ শনিবার সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত নিম্নোক্ত কেন্দ্রে অনুষ্ঠিত হবেঃ

কেন্দ্রের নাম	ঠিকানা	পরীক্ষার্থীর রোল নম্বর	মোট পরীক্ষার্থীর সংখ্যা
শের-ই-বাংলা স্কুল এন্ড কলেজ	মধুবাগ, মগবাজার, ঢাকা-১২১৭।	১০০০১-১১২১৩	১,২১৩ জন

উক্ত পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা শুরুর পূর্বক্ষণ পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ১(এক) ঘণ্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার হলে মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ, অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস এবং প্রবেশপত্রের একাধিক কপি বা কোনো অতিরিক্ত কাগজ নিয়ে প্রবেশ করা যাবে না।

স্বাক্ষরিত/=  
(মোঃ আজিজুল হক)  
মহাব্যবস্থাপক, বিএসসি  
ও  
সদস্য-সচিব, বিএসসি